সিনিয়র সিস্টেম এনালিস্ট
- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃ ই-২
- নথি

ডাইরি নং....৮২০.......
তারিখ..২৪।৫।২৬.....
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় শাখা

## মে ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোহাম্মদ জিয়াউল হক
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৩ মে ২০২৬
সময় : বেলা: ৩.০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ (কক্ষ নং-৮২৮)
উপস্থিত : পরিশিষ্ট-ক

শুরুতেই সভাপতি নবযোগদানকৃত চেয়ারম্যান, বিআরটিএ ও ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল এবং উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা:**<br>৩১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, সম্প্রতি ৩৫৩টি পদ সৃজনে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন পাওয়া গেছে। নতুন অনুমোদিত পদে জনবল নিয়োগের কার্যক্রম শুরু করা হবে। ক্যাডার পদের নিয়োগের লক্ষ্যে চাহিদাপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এছাড়া, ইতোমধ্যে ৪৫তম হতে ৪৭তম বিসিএস মাধ্যমে পূরণের নিমিত্ত সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর নিয়োগযোগ্য ৭৪টি (অতিরিক্ত ২৯টি পদের চাহিদাসহ) পদের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তী উচ্চতর পদে অর্থাৎ উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) পদে পদোন্নতি (নিয়মিত হিসেবে) বিবেচনায় সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর ৪১টি পদ ৫০তম বিসিএস মাধ্যমে পূরণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। সে মোতাবেক পিএসসি কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং পাশাপাশি পদোন্নতিযোগ্য পদ শূন্য সাপেক্ষে পূরণের প্রস্তাব মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হচ্ছে।<br><br>বিআরটিএ'র চেয়ারম্যান জানান, সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) (৯ম গ্রেড) পদে নিয়োগের লক্ষ্যে ২৬ জনকে পিএসসি কর্তৃক সুপারিশ করা হয়েছে। এ বিভাগ হতে পুলিশ ভেরিফিকেশনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ডোপ টেস্টের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে। উপসচিব (বিআরটিএ) জানান, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ হয়েছে। প্রার্থীদের নিজ নিজ জেলা হতে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br><br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, ৪র্থ হতে ৭ম গ্রেডভুক্ত ১৪ (চৌদ্দ)টি পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য পত্র দেয় হলেও মাত্র ১ জন ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট পদে কর্মকর্তা পদায়ন করা হয়েছে। তিনি প্রেষণযোগ্য পদে আরো কর্মকর্তা পদায়ন করা প্রয়োজন মর্মে জানান। এছাড়া, ১১তম হতে ২০তম গ্রেডভুক্ত ২৩ (তেইশ)টি শূন্য পদ সরাসরি নিয়োগের লক্ষ্যে গত ৫/৪/২০২৬ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় এবং ডিটিসিএ'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br><br>ব্যবস্থাপনা পরিচাক, ডিএমটিসিএল জানান, নিয়োগ বিজ্ঞপ্তি-১১ এর ক্রমিক নং ৯-১৮-এর বিভিন্ন পদের পরীক্ষা রিটের কারণে পূর্বে স্থগিত থাকলেও রিট নিষ্পত্তি হওয়ায় এখন এসব পদে পরীক্ষা গ্রহণে আর কোনো আইনি বাধা নেই এবং পরীক্ষা আয়োজনের জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়-কে পত্র প্রেরণ করা হয়েছে। ১১ মার্চ ২০২৬ তারিখে প্রকাশিত বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-০৮-এর আওতায় বিভিন্ন ক্যাটাগরির মোট ০৮টি পদের বিপরীতে আবেদন গ্রহণ কার্যক্রম ২৩ এপ্রিল, ২০২৬ তারিখ সমাপ্ত হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান আছে। | (১) সওজ অধিদপ্তরে নতুন সৃজিত পদসমূহে জনবল নিয়োগের উদ্যোগ নিতে হবে। ক্যাডার পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(২) সওজ অধিদপ্তরে ১৬-২০তম গ্রেডের শূন্য পদে নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে।<br>(৩) সুপারিশ প্রাপ্ত ২৬ জন সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) এর পুলিশ ভেরিফিকেশনের তথ্য প্রাপ্তির বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>(৪) ডিটিসিএতে প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালেয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>(৫) ডিএমটিসিএল এর চলমান নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বিআরটিএ/এমআরটি) /উপসচিব (ডিটিসিএ/সওজ সংস্থাপন ১ ও ২) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

৩. **অডিট আপত্তির বিবরণী:**

সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়:

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | ০ | ০ | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭৩৩৭ | ১১৫৩ | ৫৫৯৮ | ৫৮৬ | ০ | ৭৩৩৭ | ১০ | ৭৩২৭ |
| বিআরটিসি | ১১৭১ | ১৮৯ | ৮৮২ | ১০০ | ০ | ১১৭১ | ২ | ১১৬৯ |
| বিআরটিএ | ৪৪৫ | ২৬৬ | ১৭৯ | ০ | ০ | ৪৪৫ | ০ | ৪৪৫ |
| ডিটিসিএ | ৩৩ | ১৩ | ২০ | ০ | ০ | ৩৩ | ২ | ৩১ |
| ডিএমটিসিএল | ১১২ | ২৭ | ৮৫ | ০ | ০ | ১১২ | ০ | ১১২ |
| ঢাকা বিআরটি | ৬ | ১ | ৩ | ২ | ০ | ৬ | ০ | ৬ |
| মোট | ৯১০৭ | ১৬৫০ | ৬৭৬৯ | ৬৮৮ | ০ | ৯১০৭ | ১৪ | ৯০৯৩ |

**মার্চ ২৬ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৯১০৭টি। এপ্রিল ২০২৬ মাসে ১৪টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৯০৯৩টি।**

**আলোচনা:**

যুগ্মসচিব (বাজেট ও অডিট) জানান, অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পরিকল্পনা মোতাবেক কার্যক্রমসমূহ চলমান আছে।

(১) (ক) এপ্রিল ২০২৬ মাসে ৫টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। চলতি মাসে পরিবহন অডিট অধিদপ্তরের মৌখিক অসম্মতির কারণে (অডিট সেবা সপ্তাহ চলমান থাকায়) ১টি মাত্র ত্রি-পক্ষীয় সভা আয়োজন করা হয়েছে।

(খ) আপত্তির গুরুত্বানুযায়ী অডিট আপত্তির শ্রেণিবিন্যাসকরণের কাজ চলমান আছে।

(গ) অডিট শাখা থেকে এপ্রিল ২০২৬ মাসে ১১৬টি ব্রডশিট জবাবের উপর কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

(ঘ) আওতাধীন দপ্তর/সংস্থা'র অডিট সংক্রান্ত কর্মকর্তাদের সমন্বয়ে চলতি মাসের ১২.০৫.২০২৬ তারিখে অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ) এর সভাপতিত্বে অগ্রগতি/পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) বিআরটিসি ও সওজ অধিদপ্তর থেকে প্রেরিত (২+১০)=১২টি কার্যপত্র অডিট শাখায় প্রস্তুত আছে। সভা আয়োজনের পূর্বে নির্ধারিত অধিক্ষেত্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা'র সাথে আলোচনাপূর্বক সভার তারিখ, সময় ও স্থান নির্ধারণ করা হয়।

তিনি আরো জানান যে, অডিট আপত্তির সঠিক সংখ্যা নির্ধারণে দপ্তর/সংস্থায় পর্যালোচনার কাজ চলমান আছে। পর্যালোচনার কাজ শেষ হলেই এর সঠিক সংখ্যা জানা যাবে। সভাপতি অডিট আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে সময়ভিত্তিক একটা টার্গেট নির্ধারণ এবং সে অনুযায়ী কাজ করার পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্তসমূহ:**

(১) প্রত্যক দপ্তর/সংস্থাকে সঠিক অডিট আপত্তির সংখ্যা সঠিক সংখ্যা নির্ধারণ করতে হবে।

(২) নিয়মিত ত্রি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে।

(৩) অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।

(৪) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সময়ভিত্তিক একটি টার্গেট নির্ধারণ এবং সে অনুযায়ী কাজ করতে হবে।

**বাস্তবায়নকারী:** সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট)

৪. **সড়ক ও জনপথ অধিদপ্তর**

**ক. বৃক্ষরোপন:**

(ক) সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায় এ বিভাগ কর্তৃক বৃক্ষরোপণের একটি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। বৃক্ষরোপনের উপযুক্ত মৌসুম শুরু হয়েছে। পরিকল্পনা মোতাবেক বৃক্ষরোপনের জন্য দপ্তর/সংস্থা প্রধানদের নির্দেশনা দেন। উপযুক্ত স্থান বিবেচনায় ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগোনোর গুরুত্বারোপ করেন। বৃক্ষরোপন পরবর্তী পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ বিষয়টি অত্যান্ত গুরুত্বপূর্ণ বলে সভাপতি সংস্থা প্রধানদের অবগত করেন। এজন্য বৃক্ষরোপনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব নিয়ে কাজ করতে হবে মর্মে জানান। এক্ষেত্রে কোনো গাফিলতি পাওয়া গেলে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়।

(খ) প্রধান প্রকৌশলী, সওজ, জানান, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মতামতের আলোকে ল্যান্ডস্ক্যাপ নীতিমালার খসড়ার সংশোধনপূর্বক এ বিভাগে প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্তসমূহ:**

(ক) (১) পরিকল্পনা মোতাবেক বৃক্ষরোপনের কার্যক্রম শুরু করতে হবে। উপযুক্ত স্থান বিবেচনায় ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে হবে।

(২) বৃক্ষরোপন পরবর্তী পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ বিষয়টি নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব নিয়ে কাজ করতে হবে।

(খ) ল্যান্ডস্ক্যাপ নীতিমালার খসড়া চূড়ান্ত করতে হবে।

**বাস্তবায়নকারী:** দপ্তর/সংস্থা প্রধান (সকল) উপসচিব (সওজ সংস্থাপন-২)

**খ. টোল আদায়:**

উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৯টি বন্ধ টোলপ্লাজা চালুর নিমিত্ত সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয় সভাপতি বলেন, টোল সরকারের রাজস্ব আদায়ের একটি অন্যতম মাধ্যম। তাই কোনো ভাবেই টোল আদায় কার্যক্রম বন্ধ রাখার সুযোগ নেই। বন্ধ টোল প্লাজাগুলো দ্রুত চালুর বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সাথে যোগাযোগ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** রাজস্ব আদায় সচল রাখতে বন্ধ টোলপ্লাজাসমূহ চালুর কার্যকরী উদ্যোগ নিতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল)

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>গ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, ভূমি নামজারির জটিলতা নিরসনের লক্ষ্যে গত ০৯.১২.২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক গত ২৬.০১.২০২৬ তারিখে ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ভূমি মন্ত্রণালয়ের সাথে পুনরায় যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>ভূমি মন্ত্রণালয়ে কি ধরণের পদক্ষেপ নিয়েছে তা জানতে হবে। প্রয়োজনে ভূমি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে সরাসরি যোগাযোগ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (এস্টেট)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ঘ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলার হালনাগাদ তথ্য Smart Case Management System-এ আপলোড করা হচ্ছে। মার্চ'২০২৬ পর্যন্ত হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান:
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হাইকোর্ট বিভাগ</th><th>আপিল বিভাগ</th><th>মোট মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৫৭৭</td><td>১৫</td><td>৫৯২</td></tr>
<tr><td>০২</td><td>বিআরটিএ</td><td>৩০৬</td><td>০১</td><td>৩০৭</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>১১</td><td>১৪</td><td>২৫</td></tr>
<tr><td>০৪</td><td>ডিটিসিএ</td><td>০২</td><td>০০</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>০৫</td><td>০১</td><td>০৬</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৯০১</td><td>৩১</td><td>৯৩২</td></tr>
</table>
এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার পেন্ডিং মামলার কার্যক্রম ও অগ্রগতির উপর জুন ২০২৬ মাসে একটি সভা আয়োজনের জন্য পুনরায় সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>(১) মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।<br>(২) দপ্তর/সংস্থার পেন্ডিং মামলার কার্যক্রম ও অগ্রগতির উপর সচিব মহোদয়ের সভাপতিত্বে জুন ২০২৬ মাসে একটি সভা আয়োজন করতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ঙ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল. নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এর স্মারক নং-৩১.৩০.২৬০৮.০০১.০৪.২৪৯/১৮. ২০২৩-৭৩১(সং) তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা বরাবর মূল নথি প্রেরণ করা হলে জেলা প্রশাসক, ঢাকা নালিশী ভূমি আরএস- ৮নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে পূর্ত ও নগর উন্নয়ন বিভাগ ও সিটি জরিপ ৩নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে সড়ক ও জনপথ বিভাগ এর নামে রেকর্ডভুক্ত হওয়ায় সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধির উপস্থিতিতে শুনানী গ্রহণপূর্বক গৃহীত সিদ্ধান্ত ও সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টমেন্ট রাজস্ব সার্কেল, ঢাকাকে ১৪ আগস্ট ২০২৫ তারিখে পত্র প্রেরণ করেন।</td><td>সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল এর সাথে যোগাযোগ করতে হবে এবং সর্বশেষ অগ্রগতি আগামী সভাকে অবহিত করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>চ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে বিজ্ঞ আদালতে আপীল দায়ের করা হয়েছে; যার আপীল নং-এফ.এ.টি-৪০৯/২০২৫।</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধারের বিষয়টি আদালতে কোন পর্যায়ে আছে তা আগামী সভায় অবহিত করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ছ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি উচ্চ আদালতে ৬টি নিম্ন আদালতে। উচ্চ আদালতে দায়েরকৃত ৬টি রিটের মধ্যে ৩টি নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে রিট নং-৫৭৬৭/২০০১ এবং ৩৯৬২/২০০২ এর ১৩ জুলাই ২০১৭ তারিখের নিষ্পত্তির আদেশের নিম্ন দেওয়ানী আদালতে টাইটেল স্যুট নং- ১/১৯৯৮, ৪৮/১৯৯৮, ৭/১৯৯৮, ১৫৮/১৯৯৮ এবং ৮৫/১৯৯৮ নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত Status-quo বজায় রাখার জন্য বলা হলে আদেশটি Vacate করণের লক্ষ্যে রিট নং-৩৯৬২/২০০২ এর আপীল ৩২৭৩/২০২৫ এবং রিট নং-৫৭৬৭/২০০১ এর আপীল ৩২৭২/২০২৫ দায়ের করা হয়েছে।</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) নিয়ে কতটি মামলা হয়েছে। মামলাগুলো সর্বশেষ অবস্থা কি তা আগামী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>জ. মাদারীপুরে সওজ অধিদপ্তর অফিসের জায়াগার মালিকানা ফিরিয়ে আনা<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, মাদারীপুর সদর উপজেলাধীন ১২৩ নম্বর কুকরাইল মৌজার ১১১/৬১-৬২ নম্বর এলএ কেসের মাধ্যমে সড়ক ও জনপথ অধিদপ্তর নামে অধিগ্রহণকৃত ৭.২৩ একর ভূমি যা জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক মিস কেস নম্বর ৩/২০০৪-০৫ এর মধ্যমে রিজিউম করা হয়। উক্ত রিজিউম বাতিল করার জন্য ভূমি মন্ত্রণালয়ে গত ৩১.০৫.২০২২ তারিখে পত্র দেয়া হয়। কোনো অগ্রগতি না হওয়ায় গত ২৭.০৫.২০২৫ তারিখে তাগিদপত্র দেয়া হয়। অদ্যবধি ভূমি মন্ত্রণালয় হতে কোনো জবাব পাওয়া যায়নি।</td><td>গত ৩১.০৫.২০২২ ও গত ২৭.০৫.২০২৫ তারিখের পত্রের রেফারেন্স অনুযায়ী ভূমি মন্ত্রণালয় গিয়ে সংশ্লিষ্ট শাখায় সরাসরি খোঁজ নিতে হবে এবং বিষয়টি আগামী সভায় অবহিত করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
</table>

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | [illegible] |
|---|---|---|---|
| | **ঝ. অবৈধ স্থাপনা অপসারণ:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, আইন শৃঙ্খলা পরিস্থিতি বিবেচনায় রেখে সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও পুলিশকে অবহিত করে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হয়। এপ্রিল ২০২৬ মাসে ১৪২০.৪৪ শতাংশ জায়গা উদ্ধার এবং ১৭৪১.০০ টি অবৈধ স্থাপনা অপসারণ করা হয়েছে। | (১) ঈদ পরবর্তী সময়ে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা জোরদার করতে হবে।<br>(২) উদ্ধারকৃত জায়গা দখলে রাখতে বেস্টনী বা বৃক্ষরোপন করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব (সম্পত্তি)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ঞ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>(১) সওজ এর সকল টোল প্লাজায় ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে স্বয়ংক্রিয় ETC কার্যক্রম টেস্ট রান হিসেবে চালানোর লক্ষ্যে মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। MoU স্বাক্ষর প্রক্রিয়াধীন রয়েছে। ইটিসি বাস্তবায়নে যেসকল টার্গেট রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।<br>(২) মোটরযানে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রমের অংশ হিসেবে গত আগস্ট/২০২৩ মাস থেকে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে সমন্বয় করে মেঘনা-গোমতী সেতুর টোল প্লাজায় তাৎক্ষণিক অকার্যকর আরএফআইডি ট্যাগ প্রতিস্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। পরবর্তীতে মেঘনা-গোমতী সেতুর টোল প্লাজায় অপর্যাপ্ত মোটরযানের উপস্থিতি হওয়ার কারণে বিআরটিএ-এর ৬টি মেট্রো সার্কেল এবং ৬৪টি জেলা সার্কেল অফিসে মোটরযানের ফিটনেস পরীক্ষার সময় আগত প্রতিটি মোটরযানের আরএফআইডি ট্যাগের কার্যকারিতা চিহ্নিত করে তাৎক্ষণিকভাবে অকার্যকর আরএফআইডি ট্যাগ প্রতিস্থাপন করে দেয়া হচ্ছে। গত ১ এপ্রিল ২০২৬ থেকে ২৯ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত সমগ্র বাংলাদেশে ৩৭,২০৩ টি মোটরযানের ফিটনেস নবায়ন করা হয়েছে। এর মধ্যে ১৯,৫০৫টি মোটরযানের অকার্যকর আরএফআইডি ট্যাগ তাৎক্ষণিক প্রতিস্থাপন করা হয়েছে। এ কার্যক্রম শুরু হওয়ার পর থেকে ২৯ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত সমগ্র বাংলাদেশে মোট ২,৯৬,৬৫৭টি মোটরযানের অকার্যকর আরএফআইডি ট্যাগ তাৎক্ষণিক প্রতিস্থাপন করা হয়েছে। | (১) ইটিসি বাস্তবায়নের টার্গেটসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>(২) ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার লক্ষ্যে MoU স্বাক্ষর দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(৩) গাড়ীতে আরএফআইডি ট্যাগ লাগানো কার্যক্রম আরো জোরদার করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| | **ট. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৬**<br>সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৬ এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে কমিটি পুনর্গঠন করা হয়েছে। কমিটির সর্বশেষ সভা ১১.০৫.২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান আছে। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৬ খসড়া চূড়ান্ত করতে হবে। | সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত কমিটি কর্তৃক কারিগরি বিনির্দেশ (Technical Specification), দাপ্তরিক প্রাক্কলন (Official Estimate) প্রস্তুতপূর্বক গত ১৯.১২.২০২৫ তারিখে ই-জিপি সিস্টেমে টেন্ডার আহবান করা হয় এবং গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন পূর্বক ক্রয় প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে গত ২৮.০৪.২০২৬ তারিখে পুন:দরপত্র আহবানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। পুনরায় দরপত্র আহবানের কার্যক্রম চলমান রয়েছে। লাইসেন্স প্রদানের কার্যক্রমকে সুষ্ঠ, সহজ ও পরিকল্পিত করার জন্য ইনোভেটিভ আইডিয়া বের করার জন্য সভাপতি চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করেন। পাশাপাশি নিজস্ব সক্ষমতাকে বাড়ানো পরামর্শ প্রদান করা হয়। | (১) লাইসেন্স প্রদানের কার্যক্রমকে সুষ্ঠ, সহজ ও পরিকল্পিত করার জন্য ইনোভেটিভ আইডিয়া বের করতে হবে এবং নিজস্ব সক্ষমতা বাড়াতে হবে।<br>(২) ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে পুনরায় দরপত্র আহবান করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| | **খ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**<br>০৭ (সাত)টি ভিআইসি স্থাপন বিষয়ে 'বাংলাদেশ ক্লিন এয়ার প্রজেক্ট (BCAP)' ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এডিপি'র অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে ১১.০৩.২০২৬ তারিখে ভৌত অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। পাবনায় ভিআইসি স্থাপনের বিষয়টি পর্যালোচনা করে দেখতে চেয়ারম্যান, বিআরটিএকে সভায় পরামর্শ প্রদান করা হয়। | (১) ০৭ (সাত)টি ভিআইসি স্থাপন বিষয়ে ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এডিপি'র অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির বিষয়ে ভৌত অবকাঠামো বিভাগ ও কার্যক্রম বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।<br>(২) পাবনায় ভিআইসি স্থাপনের বিষয়টি পর্যালোচনা করে দেখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিএ) অতিরিক্ত সচিব (পরিকল্পনা) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | **ঘ. গণপরিবহনে জিপিএস সিস্টেম চালু:**<br>যানবাহনে জিপিএস সংযোজন বিষয়ে চেয়ারম্যান, বিআরটিএ জানান, এ বিষয়ে গত ২৩.০৪.২০২৬, ২৭-০৪-২০২৬ ও ২৮.০৪.২০২৬ তারিখ পর পর ৩টি সভা অনুষ্ঠিত হয়। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | গণপরিবহনে জিপিএস সিস্টেম চালুর বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট)/যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঙ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:**<br>(১) রোড সেফটি আইন প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। রোড সেফটি আইন প্রণয়নের কাজ দ্রুত সম্পন্নের লক্ষ্যে কমিটি কর্তৃক গত ২৮-০৪-২০২৬ তারিখে এ বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(২) ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সড়কে যানবহান চলাচলের সংখ্যা বেড়ে যায় এবং পথচারী, গাড়ি চালকদের অসচেতনতা এবং ট্রাফিক আইন ভঙ্গ করার প্রবণতা বাড়ে, ফলে দুর্ঘটনা সংঘটিত হয়। দুর্ঘটনা প্রতিরোধে সড়কের গুরুত্বপূর্ণ স্থানে রোড মার্কিং, সাইন, সিগনাল স্থাপন এবং ট্রাফিক আইন সম্পর্কে সচেতনা বৃদ্ধি করতে দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা জন্য চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করা হয়। | (১) রোড সেফটি আইন প্রণয়ন কাজ ত্বরান্বিত করতে হবে।<br>(২) ঈদ-উল-আযহার পূর্বে দুর্ঘটনা প্রতিরোধে সড়কের গুরুত্বপূর্ণ স্থানে রোড মার্কিং, সাইন, সিগনাল স্থাপন করতে হবে।<br>(৩) ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার প্রচারের ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী,সওজ অধিদপ্তর/ চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব (এস্টেট)/ যুগ্মসচিব (বিআরটিএ/সড়ক নিরাপত্তা) |
| | **চ. লাইসেন্স প্রদানকালীন ড্রাইভিং টেস্ট গ্রহণ:**<br>বিআরটিসি হতে জানানো হয়েছে, বিআরটিসি'র প্রশিক্ষণ কার ভেন্যু ব্যবহারের ক্ষেত্রে বিআরটিএ ও বিআরটিসি'র মধ্যে MoU চূড়ান্ত করার নিমিত্ত বিআরটিসি'র পক্ষ হতে গত ২৫/১১/২০২৫ তারিখে বিআরটিএ বরাবর খসড়া MoU প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি উক্ত খসড়া MoU যৌথভাবে স্বাক্ষর সম্পন্ন হয়নি।<br>এ বিষয়ে বিআরটিএ হতে জানানো হয়েছে, ড্রাইভিং লাইসেন্স প্রদানের বিদ্যমান পদ্ধতি পরিবর্তন করে সেন্সর বেইজড ট্র্যাক টেস্টের মাধ্যমে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে সে লক্ষ্যে সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ সংশোধনের নিমিত্ত গত ১৭.১১.২০২৫ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ সংশোধন করা হলে বিদ্যমান পদ্ধতি বিলুপ্ত হয়ে যাবে। সে অনুযায়ী কর্মপদ্ধতি পরিবর্তন হবে বিধায় সে আলোকে MoU স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন হবে। | বিআরটিসি'র প্রশিক্ষণ কার ও ভেন্যু ব্যবহার ও ফি আদায়ের বিষয়ে বিআরটিসি ও বিআরটিএ'র চেয়ারম্যানগণ নিজেদের মধ্যে বিষয়টি নিয়ে আলোচনা করে সমাধান করবেন। | চেয়ারম্যান, বিআরটিসি/ চেয়ারম্যান, বিআরটিএ |
| | **ছ. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে মহাসড়কে নির্বিঘ্নে যানচালা নিশ্চিত করতে বিআরটি'এর নিজস্ব ১২জন নির্বাহী ম্যাজিস্ট্রেটের সাথে জেলা প্রশাসনের আরো ৫০ জন নির্বাহী ম্যাজিস্ট্রেটকে সংযুক্ত করা হয়েছে। ইতোমধ্যে ৬২ জন ম্যাজিস্ট্রেটদেরকে তাদের কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়েছে। ম্যাজিস্ট্রেটগণ গণপরিবহনে শৃঙ্খলা ও অতিরিক্ত ভাড়া আদায় বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করবেন। দূর্ঘটনা ও অনাকাংখিত ঘটনায় প্রয়োজনীয় পরামর্শের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেটগণকে কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন মর্মে সভায় নির্দেশনা দেয়া হয়। চেয়ারম্যান, বিআরটিএ এবং এবং অতিরিক্ত সচিব (প্রশাসন)কে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের কাজ মনিটরিং ও সমন্বয় সাধনের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। | (১) ঈদ যাত্রায় গণপরিবহনে শৃঙ্খলা ও অতিরিক্ত ভাড়া আদায় বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা জোরদার করতে হবে।<br>(২) দুর্ঘটনা ও অনাকাংখিত ঘটনায় প্রয়োজনীয় পরমার্শের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেটগণকে কেন্দ্রিয় নিয়ন্ত্রণ কক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>(৩) চেয়ারম্যান, বিআরটিএ এবং অতিরিক্ত সচিব (প্রশাসন)কে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের কাজ মনিটরিং ও সমন্বয় সাধন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন/এস্টেট)/ চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ) |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসির উদ্যোগে আরো গাড়ি তৈরীর কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। ঢাকা-বরিশাল রুটে বিআরটিসি'র ০৮টি এসি বাস পরিচালনা করা হয়। বিআরটিসি সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুরে নিজস্ব স্বক্ষমতায় ০২টি এসি বাস তৈরী করে বাস বহরে সংযোজন করা হয়েছে। এছাড়া বিআরটিসি বহরে নতুন বাস সংযোজন হলে ঢাকা-বরিশাল রুটে বাস সংখ্যা বৃদ্ধি করা হবে। এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দেয়ার | এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | চেয়াম্যান, বিআরটিসি/সিনিয়র সহকরী সচিব (সমন্বয়) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | | |
| | **খ. বিআরটিসি'র ৩৪০টি এসিবাস ক্রয়**<br>০১ ডিসেম্বর ২০২৫ তারিখ দরপত্র আহবান বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়। ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ দরপত্রের উপর প্রাক-দরপত্র সভা অনুষ্ঠিত হয়। বাস সরবরাহকারী নিয়োগের লক্ষ্যে গত ০১/১১/২০২৫ তারিখ দরপত্র আহবান করা হয় এবং ১৯ মার্চ ২০২৬ মাসে দরপত্র উন্মুক্তকরা হয়েছে। ১৬ এপ্রিল ২০২৬ তারিখ দরপত্র মূল্যায়নের ১ম সভা অনুষ্ঠিত হয়। | দরপত্র মূল্যায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করে সরবরাহকারী নিয়োগ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **ঘ. চার্জিং স্টেশন স্থাপন:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান,<br>(১) GoB অর্থায়নে বিআরটিসি কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে "বিআরটিসি'র জন্য বৈদ্যুতিক একতলা এসি বাস সংগ্রহ" শীর্ষক প্রকল্পের আওতায় ১১টি ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহ করা হবে। গত ৩০/৯/২০২৪ তারিখের পিইসি সভার সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২৬/১০/২০২৫ তারিখে GOB অর্থায়নে প্রকৃতি নির্ধারনের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে।<br>(২) বৈদ্যুতিক একতলা এসি বাসগুলো প্রাথমিকভাবে চার্জ করার জন্য UNDP-এর অর্থায়নে "Bangladesh Enabling Electric Vehicle Adoption (BEEVA) in the Framework of Sustainable Energy based Transportation" শীর্ষক প্রকল্পের আওতায় ০৪টি চার্জিং স্টেশন স্থাপন করা হবে। | (১) GoB অর্থায়নে ১১টি ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহে অর্থায়নের প্রকৃতি নির্ধারণ বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে এবং তাগিদ দিতে হবে।<br>(২) চার্জিং স্টেশন স্থাপন বিষয়ে সর্বশেষ অগ্রগতি জানাতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) /চেয়ারম্যান, বিআরটিসি/সিনিয়র সহকারী সচিব (পিপিপি ও সমন্বয়) |
| | **ঙ. মিনি বাস ও কার্গো ট্রাক সংগ্রহ:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি'র জন্য কার্গো ট্রাক সংগ্রহ শীর্ষক প্রকল্পটি সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে। কিন্তু এসি মিনিবাস সংগ্রহ শীর্ষক প্রকল্পটি ২০২৬-২০২৭ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়নি। সবুজ পাতায় অন্তর্ভুক্তির লক্ষ্যে পরিকল্পনা বিভাগে পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে। | এসি মিনিবাস সংগ্রহ শীর্ষক প্রকল্পটি ২০২৬-২০২৭ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্তির জন্য পুনরায় প্রস্তাব পাঠাতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ চেয়ারম্যান, বিআরটিসি |
| | **চ. ড্রাইভার প্রশিক্ষণ:**<br>রোড সেফটি প্রকল্পের আওতায় ৬০,০০০ জন ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে গত ০৫/০২/২০২৬ তারিখে বিআরটিসি, বিআরটিএ ও সওজ অধিদপ্তরের মধ্যে একটি ত্রি-পক্ষীয় MoU স্বাক্ষরিত হয়েছে। উক্ত সমঝোতা স্মারকের প্রেক্ষিতে গত 14 এপ্রিল ২০২৬ তারিখে প্রথম আলো ও প্রতিদিনের বাংলাদেশ পত্রিকায় প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ০৩ মে ২০২৬ তারিখ প্রথম ব্যাচের প্রশিক্ষণ শুরু করা হয়েছে। | রোড সেফটি প্রকল্পের আওতায় ৬০,০০০ জন ড্রাইভার প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/উপসচিব (জিএফডিপি) |
| | **ছ. নারীদের জন্য বিআরটিসি'র বাস সার্ভিস চালু**<br>চেয়ারম্যান বিআরটিসি জানান, নারীদের যাতায়াতের সুবিধার্থে ঢাকা শহরে বর্তমানে ০৯টি রুটে বিআরটিসি'র ০৯টি বাস মহিলা বাস সার্ভিস হিসেবে পরিচালনা করা হচ্ছে। এছাড়া প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী মহিলা চালক ও মহিলা কন্ডাক্টর দ্বারা মহিলা বাস পরিচালনা করা হবে। মহিলা চালক দক্ষ করার জন্য প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। নতুন করে ১৬টি রুটে আরো ১৬টি মহিলা বাস পরিচালনা করা হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ঢাকা শহরে মহিলা বাস সার্ভিস চালু করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **ছ. বিআরটিসি'র প্রকল্প গ্রহণ:**<br>বিআরটিসিতে গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ সংক্রান্ত ২টি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। প্রক্রিয়াধীন ২টি প্রকল্পের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ:<br>• (ক) মোটরযান চালক তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান। (২০২৫-২৬ অর্থবছরের এডিপি সবুজ পাতায় অন্তর্ভুক্ত)। — পিইসি সভায় সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২৬/৬/২০২৫ তারিখে GoB অর্থায়নে প্রকৃতি নির্ধারনের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হয়।<br>• বিআরটিসি'র জন্য বৈদ্যুতিক একতলা এসি বাস সংগ্রহ। (২০২৫-২৬ অর্থবছরের এডিপি সবুজ পাতায় অন্তর্ভুক্ত)। — পিইসি সভায় সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২৬/১০/২০২৫ তারিখে GoB অর্থায়নে প্রকৃতি নির্ধারনের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হয়। | প্রক্রিয়াধীন প্রকল্পগুলো অনুমোদনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>• | চেয়ারম্যান, বিআরটিসি/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)সিনিয়র সহকারী সচিব (পিপিপি ও সমন্বয়) |
| | **ঞ. ঈদ-যাত্রায় বিআরটিসির বাস সার্ভিস পরিচালনা**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, সারাদেশে ঈদ-যাত্রায় যাত্রী সেবা নিশ্চিত করতে ৫৮১টি স্পেশাল বাস সার্ভিস পরিচালনা করা হবে। বিআরটিসি বাস চলাচল নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বাস চলাচল নির্বিঘ্ন রাখতে সকল ডিপো ম্যানেজার, ড্রাইভার, কন্ট্রাক্টরদের প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়েছে। | বিআরটিসিটি বাস চলাচল নির্বিঘ্ন রাখতে নিয়মিত মনিটরিং করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td rowspan="2">৭.</td><td>ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:<br>ক. Special Purpose Company (SPC) গঠন:<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ, জানান, Special Purpose Company (SPC) গঠনের ড্রাফটিং এর কাজ চলমান আছে। শীঘ্রই সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হবে।</td><td>ডিটিসিএ হতে দ্রুত Special Purpose Company (SPC) গঠনের পূর্ণাঙ্গ প্রস্তাব ১৫.০৬.২০২৬ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ)</td></tr>
<tr><td>খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:<br>ডিটিসিএ'র প্রতিনিধি জানান, বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ এর কয়েকটি তফসিলের খসড়া প্রস্তুত কাজ চলমান আছে।</td><td>বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ এর খসড়া প্রস্তুতের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক, ডিটিসিএ/উপসচিব (ডিটিসিএ)</td></tr>
<tr><td rowspan="2">৮.</td><td>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)<br>(ক) মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট চালু:<br>গত ২০ এপ্রিল ২০২৬ তারিখে অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) এর সভাপতিত্বে DMTCL, DTCA ও আইসিটি কর্মকর্তাদের নিয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় DTCA এর QR কোড সম্বলিত সিঙ্গেল জার্নি টিকেট সফটওয়্যার DMTCL মেট্রো স্টেশনে প্রয়োজনীয় হার্ডওয়্যার ও কানেক্টিভিটি স্থাপন করে দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। এ কাজে DTCA কারিগরি সহায়তা প্রদান করবে।</td><td>দ্রুত সময়ের মধ্যে মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট সিস্টেম চালু করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল)/নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
<tr><td>(খ) মেট্রো স্টেশনের আশে পাশে নিরাপত্তা নিশ্চিত করা:<br>মেট্রোস্টেশনের নিরাপত্তা নিশ্চিত করতে এর সন্নিকটে সড়কে যাতে কোনো ধরণের গরুর হাট বসতে না পারে এ বিষয়ে সতকর্তা অবলম্বন করা হয়েছে। ইতোমধ্যে কয়েকটি জায়গায় বাজার বসানোর চেষ্টা চলছে সেগুলো অপসারণের উদ্যোগ নেয়া হয়েছে।</td><td>মেট্রোস্টেশনের নিরাপত্তা নিশ্চিত করতে এর সন্নিকটে গরুর হাট বসতে দেয়া যাবে না।</td><td>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল</td></tr>
<tr><td>৯.</td><td>ঢাকা বিআরটি :<br>ক. বিআরটি করিডোরে টোল আদায়:<br>বিআরটি করিডোরে টোল আদায়ের লক্ষ্যে অবকাঠামো নির্মাণ (সিভিল কাজ) বিষয়ে সওজ অধিদপ্তর হতে চাহিত তথ্যদির জন্য গত ০৪.০৫.২০২৬ তারিখে পুনরায় তাগিদ প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত সওজ'র প্রতিবেদন পাওয়া যায়নি। প্রতিবেদন পাওয়া গেলে নথি উপস্থাপন করা হবে।</td><td>টোল আদায়ের লক্ষ্যে অবকাঠামো নির্মাণ (সিভিল কাজ) বিষয়ে সওজ অধিদপ্তর হতে চাহিত তথ্যাদি দ্রুত প্রেরণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/ উপসচিব (টোল ও এক্সেল)</td></tr>
<tr><td rowspan="2">১০</td><td>সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>ক. Grievance Redress System (GRS):<br>এপ্রিল ২০২৬ মাসে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় জিআরএস সংক্রান্ত তথ্য:
<table>
<tr><th>বিভাগ/দপ্তর/সংস্থা</th><th>পূর্বের জের</th><th>প্রাপ্ত অভিযোগ</th><th>মোট</th><th>অন্য দপ্তরে প্রেরণ</th><th>নিষ্পত্তি</th><th>মোট অনিষ্পন্ন</th></tr>
<tr><td>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ</td><td>১</td><td>৩০</td><td>৩১</td><td>২৮</td><td>১</td><td>২</td></tr>
</table>
অভিযোগের বিষয়ে আমলে নিয়ে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের উদ্যোগী হওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>(১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) দপ্তর/সংস্থার জিআরএস এর তথ্য প্রতি মাসের ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
<tr><td>খ. Public Service Innovation:<br>চীফ ইনোভেশন অফিসার জানান, সকল মন্ত্রণালয়/বিভাগের চীফ ইনোভেশন অফিসারদের নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ডি-নথি কার্যক্রম চালুকরণসহ সকল দপ্তর/সংস্থায় ওয়েব সাইট হালনাগাদকরণ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনের বিষয়টি অবহিত করা হয়। আগামী ২ জুলাই ২০২৬ তারিখের মধ্যে ডি-নথি বিষয়ে অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছে। বিষয়টি সকলকে অবহিত করার লক্ষ্যে গত ২০.০৫.২০২৬ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভপতিত্বে এ বিভাগের সকল কর্মকর্তা ও দপ্তর/সংস্থার প্রতিনিধিদের উপস্থিতিতে সভা করা হয়েছে। সভায় ডি-নথি কার্যক্রম পুরোদমে চালু করার নির্দেশনা প্রদান করা হয়েছে।</td><td>(১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় ডি-নথির কার্যক্রম পুরোদমে শুরু করতে হবে এবং বিষয়টি তদারকি করতে হবে।<br>(২) সওজ অধিদপ্তরের মাঠ পর্যায়ে অফিসসমূহকে ডি-নথির আওতায় আনতে এটুআই'র সাথে যোগাযোগ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন)/চীফ ইনোভেশন অফিসার/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
</table>

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ডি-নথি চালুর বিষয়ে প্রধান প্রকৌশলী জানান, প্রধান কার্যালয়ে ডি-নথি কার্যক্রম স্বাভাবিক থাকলেও মাঠ পর্যায়ের অফিসসমূহ ডি-নথির আওতায় আনা সম্ভব হয়নি। এ বিষয়ে এটুআই এর সাথে মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ করা জরুরী। | | |
| ১১. | **বিবিধ**<br>**ক. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ঢাকা বিআরটি ব্যতীত সকল দপ্তর/সংস্থায় ইন্টার্ন নিয়োগ করা হয়েছে এবং কার্যক্রম চলমান আছে। এছাড়া, এ বিভাগে ১ জন ইন্টার্ন নিয়োগ করা হয়েছে। এ বিভাগ ও দপ্তর/সংস্থার ইন্টার্ন ও সুপারভাইজরদেরে নিয়ে যুগ্মসচিব (বৈদেশিক সহায়তা অধিশাখা) এর নেতৃত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। ইন্টার্নদের অভিজ্ঞতা ও আইডিয়ার উপর একটি Publication প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। | ইন্টার্নদের অভিজ্ঞতা ও আইডিয়ার উপর একটি Publication প্রকাশ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/, উপসচিব (বৈদেশিক সহায়তা শাখা) /ইন্টার্নশীপ মনোনয়ন ও আয়োজন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **খ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>সিনিয়র সহকারী সচিব (প্রশিক্ষণ) জানান, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সভাপতি বলেন কার্যকরী প্রশিক্ষণ প্রদান করতে হবে। বিশেষ করে বিদেশ প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণের বিষয়, প্রশিক্ষণার্থী, ক্ষেত্র, সময়, প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্ধারণ বিষয়গুলো যথাযথভাবে পর্যালোচনা করে নির্বাচন করতে হবে। দপ্তর/সংস্থা থেকে প্রস্তাব প্রেরণের পূর্বে বিষয়গুলো ভাল করে যাচাই-বাছাই করে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) কার্যকরী প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>(২) বিদেশ প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণের বিষয়, প্রশিক্ষণার্থী, ক্ষেত্র, সময়, প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্ধারণের বিষয়গুলো পর্যালোচনা করে নির্বাচন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ সিনিয়র সহকারী সচিব (প্রশিক্ষণ) |
| | **ঘ. সওজ অধিদপ্তরে ইলেক্ট্রিক্যাল বিভাগ চালু:**<br>ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তর প্রস্তাবের উপর গত ২৫.০১.২০২৬ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে সংশোধন কার্যক্রম চলমান। | ইলেকট্রিক্যাল বিভাগ চালুর প্রস্তাব সংশোধন করে সওজ অধিদপ্তর হতে আগামী ২৫.০৪.২০২৬ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **ঙ. সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে সংযোগ স্থাপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সড়কে নির্ভরতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে বিভিন্ন দপ্তর/সংস্থা, স্টেক হোল্ডার ও বিশিষ্ট ব্যক্তিবর্গদের নিয়ে সড়ক ভবনে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উক্ত সেমিনারে সওজ এর প্রস্তাবিত পরিকল্পনার উপর বিশিষ্ট জনেরা বিভিন্ন মতামত ও পরামর্শ প্রদান করেন। মতামত ও পরামর্শ অনুযায়ী পরিকল্পনা প্রণয়নের কাজ চলমান আছে। সভাপতি জানান, বিষয়টি নিয়ে মুখ্য সচিব মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে এই বিষয়ের উপর একটি উপস্থাপনা প্রদানের পরামর্শ দিয়েছেন। | Multimodal Transport System স্থাপন বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে উপস্থাপনা প্রদানের প্রস্তুতি গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **চ. অন্যান্য আলোচনা**<br>(১) মাননীয় প্র্যাধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে ১৮০ দিনের কর্মসূচির আওতায় গৃহীত কর্মপরিকল্পনার অগ্রগতির ত্বরান্বিত করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি বলেন ইতোমধ্যে ১০০ দিন অতিবাহিত হয়েছে। ৮০ দিনের মধ্যে সকল পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। যে সকল কাজে ধীরগতি রয়েছে তা চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে তিনি জানান। ঈদ-উল আযহার পরে ১৮০ দিনের কর্মসূচি বাস্তবায়ন বিষয়ে একটি অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজনের জন্য যুগ্মসচিব (জিওবি) অধিশাখাকে নির্দেশনা প্রদান করেন। | (১) ১৮০ দিনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আগামী ১০.০৬.২০২৬ তারিখের মধ্যে একটি অগ্রগতি পর্যালোচনা সভার আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (জিওবি) |
| | (২) উন্নয়নমূলক যেসকল কাজ এডিপিতে অন্তর্ভুক্ত রয়েছে তা যথাসময়ে শেষ করতে সভায় গুরুত্বারোপ করা হয়। | (২) এডিপিতে অন্তর্ভুক্ত সকল কাজ যথাসময়ে শেষ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ প্রধান প্রকৌশলী, সওজ |
| | (৩) দপ্তর/সংস্থায় প্রশাসনিক কার্যক্রম ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা আনয়নে বিধিগত/নিয়মতান্ত্রিক ব্যবস্থা জোরদার করার বিষয়ে দপ্তর/সংস্থা প্রধানদের সভায় নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি বলেন অফিসে যথাসময়ে আসা, অফিস ত্যাগ করা, উর্ধ্বতন কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন করা, কর্তৃপক্ষের অনুমতিক্রমে অফিসের বাইরে অবস্থান করা, বদলী, পদোন্নতি নিয়ে কর্মকর্তা/কর্মচারীদের সরকারি বিধি-বিধান মেনে চলার পরামর্শ প্রদান করা হয়। | (৩) দপ্তর/সংস্থায় প্রশাসনিক কার্যক্রম ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা আনয়নে বিধিগত/নিয়মতান্ত্রিক ব্যবস্থা জোরদার করতে হবে। | দপ্তর/সংস্থার প্রধানগণ (সকল) |
| | (৪) আওতাধীন দপ্তর/সংস্থায় কোন কোন খাতে সরকারের রাজস্ব আদায় হয়। রাজস্ব আদায় বাড়াতে কি ধরণের পদক্ষেপ নেয়া প্রয়োজন বিস্তারিত বিষয় নিয়ে জুলাই ২০২৬ মাসের মধ্যে বাজেট শাখা হতে একটি সভা আয়োজনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (৪) আওতাধীন দপ্তর/সংস্থার রাজস্ব আদায় বিষয়ে ১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে একটি সভার আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও অডিট) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (৫) এ বিভাগ ও দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে জুলাই এর মাঝামাঝি সময়ে ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভাপতি পুনরায় মতামত ব্যক্ত করেন এবং একটি ভেন্যু নির্বাচনের নির্দেশনা দেন। অগ্রগতির বিষয়ে উপসচিব (প্রশাসন) জানান, এ বিষয়ে কমিটি গঠন ও ভেন্যু নির্বাচনের কার্যক্রম চলমান আছে। | (৫) জুলাই ২০২৬ এর মধ্যে ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ উপসচিব (প্রশাসন) |

০৩। আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৯.০৬.২০২৬
ড. মোহাম্মদ জিয়াউল হক
সচিব

CamScanner

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ জুন ২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০৫১.০৬.০০২.২৫-১৯৮

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৯ জুন ২০২৬

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৩. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৪. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১২. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৪. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৫. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
১৭. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

০৯.০৬.২৬

মোহাম্মদ তৌহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd



CamScanner